সংবাদ

তারিখ 2 FEB 2009
২ ৫

# ঢাকা যশোর রাজশাহী শিক্ষা বোর্ডে নয়া চেয়ারম্যান নিয়োগ

ঢাকা, যশোর ও রাজশাহী শিক্ষা বোর্ডে নতুন চেয়ারম্যান নিয়োগ দেয়া হয়েছে। বাসস।

শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল জানানো হয়, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সদস্য টাঙ্গাইলের সরকারি সা'দত কলেজের অধ্যক্ষ (অধ্যাপক-বাংলা) মুহম্মদ শামসুল হককে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, সাতক্ষীরার তালা সরকারি কলেজের অধ্যক্ষ (অধ্যাপক-বাংলা) হাফিজুর রহমানকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর এবং রংপুরের সরকারি কারমাইকেল কলেজের অধ্যক্ষ (অধ্যাপক-ব্যবস্থাপনা) ড. দীপেন্দ্র নাথ দাসকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর চেয়ারম্যান পদে প্রেষণে বদলিভিত্তিক নিয়োগ করা হয়েছে।